**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
নগরভবন, ১০, বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd


"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০০৪.১১.০৮৫.২৩.৭৫

তারিখ : ২২ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
০৭ মার্চ, ২০২৩ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ০৮/০৬/২০২১খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৭১.১১.০০২.২০১২.-৩৭৪নং স্মারক মূলে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা,২০২০ অনুসারে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নে বর্ণিত শূন্য পদে ২০১৫ সালের জাতীয় বেতন স্কেল প্রদত্ত বেতন ভাতায় সরাসরি নিয়োগের জন্য পদের পাশে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা অনুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র.নং | পদের নাম (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১ | শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া কর্মকর্তা<br>৯ম গ্রেড : ২২,০০০-৫৩,০৬০/- | ০১ টি | ১৮-৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে-<br>(অ) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(ই) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ০২ | স্টোর অফিসার<br>১০ম গ্রেড : ১৬,০০০-৩৮,৬৪০/- | ০১ টি | ১৮-৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে-<br>(অ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনার দক্ষতা। |
| | মোট- | ২ টি | | |

২। **নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

(১) ২০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ/০৩ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বৎসর হতে হবে।তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোনক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(২) সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরীরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণকরা হবে।

(৪) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৫) আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

(৬) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপিসহ সকল সনদপত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

(৭) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত(নিজ জেলা উল্লেখ করতঃ) নাগরিকত্বের সনদপত্র এবংজাতীয় পরিচয়পত্র (ভোটার আইডি কার্ড) বা জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(৮) প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ওতারিখ এবং বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রসহ প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধা/শহীদমুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র; প্রার্থী এবং তার পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৯) নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন/বিধি/পরিপত্র অনুসরন করা হবে।

(১০) সকল সত্যায়ন/প্রত্যয়ন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

(১১) কর্তৃপক্ষ পদের সংখ্যা সাংগঠনিক কাঠামো অনুযায়ি হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

CamScanner

(১২) বিজ্ঞপ্তি অনুযায়ী উল্লিখিত পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে।

(১৩) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার এবং বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা কম/বেশি করার অধিকার সংরক্ষণ করেন।

(১৪) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://ncc.teletalk.com.bd/ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্রের বিস্তারিত নিয়মাবলী http://ncc.teletalk.com.bd/এবং www.ncc.gov.bd ওয়েবসাইটে পাওয়াযাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(ক) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৩/০৩/২০২৩ খ্রি. বেলা: ১০ঘটিকা।

(খ) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৩/০৪/২০২৩খ্রি. বিকাল ৫.০০টা।

(গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(১৫) আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞপ্তির ০১নং পদের জন্য ৬০০/- (ছয় শত) টাকা এবং ০২ নং পদের জন্য ৫০০/-(পাঁচশত) টাকা Teletalk Pre-paid Mobileব্যবহার করে প্রদান করতে হবে।

(১৬) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে 121 নম্বরে অথবা vas.query@teletalk.com.bd মেইলে যোগাযোগ করা যাবে।

(১৭) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৮) উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৭.০৩.২৩

(শহিদুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০০৪.১১.০৮৫.২৩. ৭৫৩(২৫)

তারিখ : ২২ ফাল্গুন; ১৪২৯ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০২৩খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং # ৩/এ, ৫/এ, ৭/এ, রোড # ১৭, গুলশান, ঢাকা-১২১২।

৩। নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (এই বিজ্ঞপ্তিটি এবং অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী এনসিসি'র তথ্য বাতায়নে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)।

৪। সহকারী সচিব, প্রশাসন শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (এই বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত স্থানীয়-১টি ও জাতীয়-২টি (বাংলা ও ইংরেজি)মোট ৩টি পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ এবং নগর ভবনের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থার গ্রহণের জন্য)।

৫।সম্পাদক, আলোকিত বাংলাদেশ, উপরোক্ত বিজ্ঞপ্তিখানা তাঁর পত্রিকার ভিতরের পাতায় আগামী ০৯-০৩-২০২৩ইং তারিখে নুন্যতম (১০ ফন্ট) পরিসরে ছাপানোসহ ৩ (তিন) প্রস্থ পত্রিকার কপি অত্র দফতরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৬।সম্পাদক,Asian Age, উপরোক্ত বিজ্ঞপ্তিখানা তাঁর পত্রিকার ভিতরের পাতায় আগামী ০৯-০৩-২০২৩ইং তারিখে নুন্যতম (১০ ফন্ট) পরিসরে ছাপানোসহ ৩ (তিন) প্রস্থ পত্রিকার কপি অত্র দফতরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৭।সম্পাদক, যুগের চিন্তা, উপরোক্ত বিজ্ঞপ্তিখানা তাঁর পত্রিকার ভিতরের পাতায় আগামী ০৯-০৩-২০২৩ইং তারিখে নুন্যতম (১০ ফন্ট) পরিসরে ছাপানোসহ ৩ (তিন) প্রস্থ পত্রিকার কপি অত্র দফতরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৮।জনাব মোঃ আল-রাজ্জাকুজ্জামান, অতিরিক্ত ম্যানেজার (VAS), ডিপার্টমেন্ট: মার্কেটিং এন্ড VAS, টেলিটক বাংলাদেশ লিমিটেড [এ বিজ্ঞপ্তিটি এবং অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী ওয়েবসাইটে (http://ncc.teletalk.com.bd/) প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ]

৯।পি এ টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। পি এ টু সিইও, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য)।

১১। অফিস কপি।

সহকারী সচিব
প্রশাসন শাখা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner